গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.১৬.০১৭.২০১৭-

তারিখ: ০৫ চৈত্র ১৪২৪ / ১৯ মার্চ ২০১৮

বিষয়: **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্য বাতায়নে (ওয়েবসাইট) ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্য বাতায়নে (ওয়েবসাইট) ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয় নিয়ে ১১ মার্চ, ২০১৮ তারিখ সকাল ১০:০০ টায় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এ বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (অপারেশন) বেগম সিদ্দিকা আক্তার সভায় সভাপতিত্ব করেন।

০২। **আলোচনা :**

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাকে জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের বহি:বাংলাদেশ ছুটি অনলাইনে গ্রহণ ও নিস্পত্তি বিষয়ে কার্যক্রম চলছে এবং জারীকৃত জি.ও এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। ডিজিটাল বোর্ড স্থাপনের বিষয়ে সভাকে জানানো হয় যে, ৩১ মার্চ ২০১৮ তারিখের মধ্যে ডিজিটাল বোর্ড স্থাপন করা হবে। সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন টিমের সদস্য হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ০৬ জন, তিতাস গ্যাস টিএন্ডডি কোম্পানী লিমিটেডের ০২ জন, জিএসবি হতে ০২ জন এবং বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বাপেক্স, বিপিআই, জিটিসিএল, পেট্রোবাংলা, বিস্ফোরক পরিদপ্তর, বাখরাবাদ গ্যাস, বিজিএফসিএলসহ উল্লিখিত প্রতিটি দপ্তর/সংস্থা হতে ০১ জন করে মোট ১৯ জনকে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করে ভেন্যু ও প্রশিক্ষণার্থী মনোনয়ন নিশ্চিত করা হবে।

০৩। **সিদ্ধানত:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ **ডিজিটাল বোর্ড স্থাপন:** ৩১ মার্চ ২০১৮ তারিখের মধ্যে ডিজিটাল বোর্ড স্থাপন করা হবে। এ বিষয়ে প্রশাসন-১ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৩.২ **সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:** সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ে প্রশিক্ষণটি সম্ভাব্য ১০-১১ এপ্রিল ২০১৮ তারিখে ব্লু-ইকোনমি সেল/হাইড্রোকার্বন ইউনিটে আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষণের সম্ভাব্য ব্যয় নির্ধারণ করতে হবে এবং প্রয়োজনীয় অর্থ প্রশাসন-১ অধিশাখার মাধ্যমে সরবরাহ করা;

৩.৩ আগামী অর্থবছরের ইনোভেশন খাতের জন্য প্রয়োজনীয় বাজেট সংস্থান রাখতে বাজেট অধিশাখাকে অনুরোধ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/- ১৯/০৩/২০১৮
(সিদ্দিকা আক্তার)
যুগ্মসচিব (চিফ ইনোভেশন অফিসার)

নং-২৮.০০.০০০০.০১৩.১৬.০১৭.২০১৭- ০৬

তারিখ: ০৫ চৈত্র ১৪২৪ / ১৯ মার্চ ২০১৮

বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০২। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৪। উপপ্রধান (পরিকল্পনা-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৫। প্রোগ্রামার, আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)।
০২। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৪। যুগ্মসচিব (অপারেশন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

(মো: আবু জুবাইর হোসেন বাবলু)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫১১৪৩